# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২২৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২২৫]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ২২: যে দু' রাক'আতের পরে ভুলে সালাম ফিরিয়ে ফেলল এবং কথা বলে ফেলল সে কি করবে?

مَا يَفْعَلُ مَنْ سَلَّمَ مِنْ رَكْعَتَيْنِ نَاسِيًا وَتَكَلَّمَ

আরবী

أَخْبَرَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، قَالَ: حَدَّثَنَا يَزِيدُ وَهُوَ ابْنُ زُرَيْعٍ، قَالَ: حَدَّثَنَا ابْنُ عَوْنٍ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، قَالَ: قَالَأَبُو هُرَيْرَةَ: صَلَّى بِنَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِحْدَى صَلَاتَيِ الْعَشِيِّ، قَالَ: قَالَ أَبُو هُرَيْرَةَ: وَلَكِنِّي نَسِيتُ، قَالَ: فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ، ثُمَّ سَلَّمَ فَانْطَلَقَ إِلَى خَشَبَةٍ مَعْرُوضَةٍ فِي الْمَسْجِدِ، فَقَالَ: بِيَدِهِ عَلَيْهَا كَأَنَّهُ غَضْبَانُ وَخَرَجَتِ السَّرَعَانُ مِنْ أَبْوَابِ الْمَسْجِدِ، فَقَالُوا: قُصِرَتِ الصَّلَاةُ وَفِي الْقَوْمِ أَبُو بَكْرٍ وَعُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، فَهَابَاهُ أَنْ يُكَلِّمَاهُ وَفِي الْقَوْمِ رَجُلٌ فِي يَدَيْهِ طُولٌ، قَالَ: كَانَ يُسَمَّى ذَا الْيَدَيْنِ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، أَنَسِيتَ أَمْ قُصِرَتِ الصَّلَاةُ، قَالَ: لَمْ أَنْسَ وَلَمْ تُقْصَرِ الصَّلَاةُ ، قَالَ: وَقَالَ: أَكَمَا قَالَ ذُو الْيَدَيْنِ ، قَالُوا: نَعَمْ، فَجَاءَ فَصَلَّى الَّذِي كَانَ تَرَكَهُ، ثُمَّ سَلَّمَ، ثُمَّ كَبَّرَ فَسَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطْوَلَ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَكَبَّرَ، ثُمَّ كَبَّرَ، ثُمَّ سَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطْوَلَ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ ثُمَّ كَبَّرَ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الصلاة ٨٨ (٤٨٢)، والحديث عند: صحيح البخارى/ سنن ابى داود/الصلاة ١٩٥ (١٠١١)، (تحفة الأشراف: ١٤٤٦٩)، ويأتي عند المؤلف برقم: ١٢٣٦، سنن ابن ماجه/الإقامة ١٣٤ (١٢١٤)، مسند احمد ٢/٤٣٥، سنن الدارمى/الصلاة ١٧٥ (١٥٣٧) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1225 - صحيح

বাংলা

১২২৪. হুমায়দ ইবনু মাস'আদাহ (রহ.) ..... মুহাম্মাদ ইবনু সীরীন (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আবু হুরায়রাহ্ (রাঃ) বলেছেন, নবী (সা.) আমাদের সাথে নিয়ে অপরাহ্নে (যুহর ও 'আসর) দু' সালাতের এক সালাত আদায় করলেন। রাবী বলেন, আবু হুরায়রাহ (রাঃ) বলেছেন যে, তবে কোন্ সালাত তা আমি ভুলে গিয়েছি। এরপর তিনি বলেন, নবী (সা.) আমাদেরসহ দু'রাকআত সালাত আদায় করে সালাম ফিরালেন। অতঃপর মসজিদের প্রস্থে রাখা একটি কাঠ খণ্ডের দিকে অগ্রসর হয়ে তাতে এমনভাবে ঠেস দিলেন যেন তিনি রাগান্বিত, আর সব কাজে আগে থাকা সাহাবীগণ মসজিদের দরজা দিয়ে বের হয়ে গেলেন এবং বলতে লাগলেন, সালাত কি সংক্ষিপ্ত করা হয়েছে? তাঁদের মধ্যে আবু বাকর এবং 'উমার (রাঃ)-ও ছিলেন। তারা রাসূলুল্লাহ (সা.) -এর সঙ্গে কথা বলতে সংকোচবোধ করছিলেন। তাঁদের সঙ্গে আরও একজন সাহাবী ছিলেন যার হাত কিছুটা লম্বা ছিল। (রাবী বলেন) তাঁকে যুলইয়াদায়ন! (দু' হাত বিশিষ্ট) বলা হত। তিনি বললেন, হে আল্লাহর রসূল! আপনি কি ভুলে গেছেন, না সালাত সংক্ষিপ্ত করা হয়েছে? রাসূলুল্লাহ (সা.) বলেন, আমি ভুলেও যাইনি এবং সালাত সংক্ষিপ্তও হয়নি। রাবী বলেন, এরপর নবী (সা.) সমবেত সাহাবীগণকে জিজ্ঞেস করলেন, যুলইয়াদায়ন যা বলেছে তা কি ঠিক? সাহাবীগণ বললেন, হ্যা। অতঃপর তিনি মুসল্লাতে ফিরে আসলেন এবং যা ছুটে গিয়েছিল তা আদায় করে সালাম ফিরালেন এবং তাকবীর বলে পূর্বের মতো বা তার চেয়েও লম্বা সিজদা করলেন। তারপর মাথা উঠিয়ে তাকবীর বললেন আবার তাকবীর বলে পূর্বের মতো বা তার চেয়েও দীর্ঘ আরও একটা সিজদা করলেন। পরে মাথা উঠিয়ে তাকবীর বললেন।

## ফুটনোট

সহীহ: বুখারী ৪৮২, মুসলিম ৫৭৩, ইবনু মাজাহ ১২১৪, সহীহ: ইবনু খুযায়মাহ্ ১০৩৫, ইওয়াউল গালীল ২/১৩০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু সিরীন (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87618

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন